Cancer care in the UK: Bengali

# যুক্তরাজ্যে ক্যানসারের পরিচর্যা

এই তথ্য হচ্ছে ক্যানসারের পরিচর্যা এবং যুক্তরাজ্যের স্বাস্থ্যসেবা সিস্টেম সম্পর্কে এবং এতে বলা হয়েছে যে কোথা থেকে সহায়তা এবং সাপোর্ট পাওয়া যেতে পারে।

যুক্তরাজ্যে স্বাস্থ্যসেবা সিস্টেম থেকে কী প্রত্যাশা করা যেতে পারে তা জানা কঠিন হতে পারে। এই পৃষ্ঠায় আপনার অধিকারগুলোর ব্যাখ্যা দেওয়া রয়েছে এবং জানানো হয়েছে যে ক্যানসার এবং অন্যান্য স্বাস্থ্যগত সমস্যার জন্য স্বাস্থ্যসেবাকে কীভাবে অ্যাক্সেস করতে হবে।

যদি এই তথ্যের বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকে, আপনি যে হাসপাতালে চিকিৎসা করাচ্ছেন সেখানকার ডাক্তার বা নার্সকে জিজ্ঞেস করুন।

এছাড়াও আপনি ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট (Macmillan Cancer Support)-কে **0808 808 00 00** নম্বরে, সপ্তাহে 7 দিন, সকাল 8 থেকে রাত 8টা পর্যন্ত কল করতে পারেন। আমাদের দোভাষী আছে, তাই আপনি আমাদের সাথে নিজের ভাষায় কথা বলতে পারেন। যখন আপনি আমাদেরকে কল করবেন, অনুগ্রহ করে ইংরেজিতে আমাদেরকে জানাবেন যে আপনার কোন ভাষা প্রয়োজন।

**macmillan.org.uk/translations** ওয়েবসাইটে অন্যান্য ভাষায় ক্যান্সার সম্পর্কিত আরো তথ্য আছে

## এই তথ্য যে বিষয়ে:


- যুক্তরাজ্যের স্বাস্থ্যসেবা সিস্টেম
- যদি আপনি অন্য ভাষা ব্যবহার করেন
- যুক্তরাজ্যে ক্যানসারের পরিচর্যা
- যুক্তরাজ্যে একজন এনএইচএস রোগী হিসেবে আপনার অধিকারসমূহ
- আপনার দলকে আপনার সংস্কৃতি বা ব্যাকগ্রাউন্ড বুঝতে সাহায্য করা
- আমি কোথায় ক্যানসার চিকিৎসা গ্রহণ করব তা কি আমি নির্বাচন করতে পারি?
- আমি কোন ক্যানসার চিকিৎসা গ্রহণ করব তা কি আমি নির্বাচন করতে পারি?
- আমি কি দ্বিতীয় মতামত নিতে পারি?
- আমি কি আমার স্বাস্থ্যসেবা সম্পর্কে অভিযোগ দায়ের করতে পারি?
- ম্যাকমিলান (Macmillan) কীভাবে আপনাকে সাহায্য করতে পারে
- আপনার ভাষায় আরো তথ্য
- সূত্র ও ধন্যবাদ জ্ঞাপন

# যুক্তরাজ্যের স্বাস্থ্যসেবা সিস্টেম

যুক্তরাজ্যে বেশিরভাগ স্বাস্থ্যসেবাকে ন্যাশনাল হেলথ সার্ভিস (এনএইচএস) কর্তৃক সরবরাহ করা হয়। এনএইচএস-এ অন্তর্ভুক্ত রয়েছে:

## জিপি এবং কমিউনিটি-ভিত্তিক পরিচর্যা

জিপি (জেনারেল প্র্যাকটিশনার) হচ্ছেন একজন ডাক্তার যিনি সাধারণ স্বাস্থ্য সমস্যার চিকিৎসা করেন। জিপি'রা সাধারণত একটি স্থানীয় কেন্দ্রে (লোকাল সেন্টার) কাজ করেন। ইংরেজি ভাষায়, এই ধরনের কেন্দ্রের অনেক আলাদা-আলাদা নাম থাকতে পারে। এটাকে হয়তো একটি GP practice, GP surgery কিংবা medical centre বলা যেতে পারে। প্রায়শই সেন্টার হচ্ছে স্বাস্থ্যসেবার জন্য আপনার প্রথম এবং প্রধান যোগাযোগের বিন্দু। এগুলি ডিস্ট্রিক্ট নার্স এবং প্যালিয়েটিভ কেয়ার দলের মতো অন্যান্য কমিউনিটি-ভিত্তিক পরিষেবাগুলির সাথে নিবিড়ভাবে কাজ করে।

আপনার জিপি এবং অন্যান্য কমিউনিটি-ভিত্তিক পরিষেবাগুলি বহু স্বাস্থ্যগত সমস্যার চিকিৎসা ও পরিচালনা করেন। যদি আপনার আরও বিশেষজ্ঞ চিকিৎসা দরকার হয়, তাহলে তারা আপনার জন্য এর ব্যবস্থা করতে পারবেন। এটাকে রেফারেল করা বলা হয়।

## ত্বরিত এবং জরুরি পরিচর্যা

এতে অন্তর্ভুক্ত রয়েছে:

- 999 কে ফোন করলে পাবেন প্রাণঘাতী অবস্থার জন্য জরুরি সহায়তা
- একটি অ্যাকসিডেন্ট অ্যান্ড এমার্জেন্সি (এ অ্যান্ড ই) বিভাগে, কিংবা ওয়াক-ইন সেন্টার কিংবা ছোটখাট আঘাতের ইউনিটের মতন অন্যান্য ত্বরিত কেয়ার সেন্টারে পরিচর্যা লাভ
- 111 (ইংল্যান্ড, স্কটল্যান্ড বা ওয়েলস-এ) নম্বরে কল করলে পাবেন জরুরি স্বাস্থ্যগত সমস্যার জন্য পরামর্শ

## বিশেষজ্ঞ পরিচর্যা

কিছু স্বাস্থ্যগত সমস্যার জন্য, আপনার হয়তো বিশেষজ্ঞ প্রশিক্ষণ প্রাপ্ত স্বাস্থ্যসেবা পেশাদারের থেকে পরামর্শ কিংবা চিকিৎসা নেওয়ার দরকার হতে পারে। বিশেষজ্ঞ চিকিৎসা গ্রহণের জন্য যখন আপনি হাসপাতালে থাকেন, তখন এটাকে ইনপেশেন্ট কেয়ার বলা হয়। যখন আপনি একটি ক্লিনিকে, কিংবা বাড়িতে বিশেষজ্ঞ চিকিৎসা গ্রহণ করেন, তখন এটাকে আউটপেশেন্ট কেয়ার বলা হয়।

## ফার্মাসিস্ট

ফার্মাসিস্টরা ওষুধ দেন এবং ওষুধ গ্রহণ সম্পর্কে পরামর্শ দেন। তারা হয়তো কিছু মেডিকেল পরামর্শও দিতে পারেন।

## ডেন্টাল কেয়ার

ডেন্টিস্টরা আপনাকে আপনার দাঁত, মাড়ি এবং মুখের অন্যান্য অংশের পরিচর্যায় সাহায্য করেন।

**চক্ষু পরিচর্যা**
অপ্টোমেট্রিস্টরা দৃষ্টিশক্তি পরীক্ষা করতে সাহায্য করেন। তারা চশমা এবং কন্টাক্ট লেন্স প্রেসক্রাইব এবং ফিট করেন। তারা চোখের সংক্রমণের মতন কিছু চক্ষু স্বাস্থ্য সমস্যার জন্য চিকিৎসা ও পরামর্শ দেন।

যুক্তরাজ্যে কিছু স্বাস্থ্যসেবা প্রাইভেটভাবে উপলভ্য রয়েছে। প্রাইভেট স্বাস্থ্যসেবাকে স্বাধীন কোম্পানিদের দ্বারা সরবরাহ করা হয় এবং এটা এনএইচএস-এর থেকে আলাদা। আপনি হয়তো নিজে কিংবা মেডিকেল বীমা ব্যবহার করে এর অর্থ পরিশোধ করতে পারেন।

আপনি কোথায় থাকেন তার উপর নির্ভর করে যুক্তরাজ্যে স্বাস্থ্যসেবার পরিষেবাগুলো ভিন্ন হতে পারে। এটা বিভ্রান্তিকর হতে পারে। আপনার অঞ্চলে কী কী লভ্য রয়েছে এবং আপনাকে কোন কোন প্রস্তাব দেওয়া উচিত তা জানা কঠিন হতে পারে।

যদি আপনার পরিচর্যা কিংবা আপনার অঞ্চলে লভ্য পরিষেবাসমূহ সম্পর্কে আপনার প্রশ্ন থাকে, তাহলে আপনি জিপি কিংবা আপনার স্বাস্থ্যসেবা দলে ে কাউকে তা ব্যাখ্যা করে বোঝাতে বলুন। স্বাস্থ্যসেবা দলে রয়েছেন ডাক্তারগণ, নার্সগণ কিংবা অন্যান্য স্বাস্থ্যসেবার পেশাদার যারা আপনার দেখাশোনা করেন। আপনাকে আপনার প্রয়োজনীয় পরিচর্যা এবং সহায়তা খুঁজতে সাহায্য করার জন্য তারা এখানে রয়েছেন।

**এনএইচএস স্বাস্থ্যসেবা কি বিনামূল্যে?**
কিছু এনএইচএস পরিষেবা সর্বদা সকলের জন্য বিনামূল্যে। আপনি কখনই নিম্নবর্ণিতের জন্য অর্থ পরিশোধ করবেন না:

- 999 কে ফোন করে প্রাণঘাতী অবস্থার জন্য জরুরি সহায়তা লাভ।
- 111 (ইংল্যান্ড, স্কটল্যান্ড বা ওয়েলস-এ) নম্বরে কল করে জরুরি স্বাস্থ্যগত সমস্যার জন্য পরামর্শ লাভ।
- একটি অ্যাকসিডেন্ট অ্যান্ড এমার্জেন্সি (এ অ্যান্ড ই) বিভাগে, কিংবা ওয়াক-ইন সেন্টার কিংবা ছোটখাট আঘাতের ইউনিটের মতন অন্যান্য ত্বরিত কেয়ার সেন্টারে পরিচর্যা লাভ।
- কিছু প্রকারের সংক্রমণ এবং যৌন রোগের পরীক্ষা ও চিকিৎসা।
- গর্ভধারণ পরিষেবাসমূহ।
- নির্যাতন, নারীর যৌনাঙ্গ বিচ্ছেদ এবং গার্হস্থ্য বা যৌন সহিংসতার কারণে সৃষ্ট সমস্যার চিকিৎসা।
- স্কটল্যান্ডে থাকলে, সেই প্রেসক্রিপশনসমূহ।

যদি আপনি সাধারণত যুক্তরাজ্যে বসবাসরত এবং আপনার কাছে এখানে থাকার আইনি অধিকার থাকে, তাহলে বেশিরভাগ অন্যান্য এনএইচএস পরিষেবাসমূহগুলো বিনামূল্যে উপলভ্য। এটাকে সাধারণ বাসিন্দা হিসাবে গণ্য হওয়া বলা হয়। আপনি যদি শরণার্থী বা যুক্তরাজ্যে আশ্রয়ের জন্য আবেদনকারী ব্যক্তি হন তাহলে এনএইচএস স্বাস্থ্যসেবা বিনামূল্যে উপলভ্য।

আপনাকে হয়তো এখনও কিছু এনএইচএস পরিষেবার জন্য অর্থ পরিশোধ করতে হতে পারে, যেমন ডেন্টাল কেয়ার এবং চক্ষু পরিচর্যা। এবং ইংল্যান্ডে, কিছু পরিস্থিতিতে আপনাকে হয়তো প্রেসক্রিপশনের জন্য অর্থ পরিশোধ করতে হতে পারে। আপনি যদি এর জন্য অর্থ পরিশোধ করতে সক্ষম না হন, তাহলে আপনি হয়তো স্বাস্থ্যসেবা খরচ মেটানোর জন্য সহায়তা পেতে পারেন।

### আমাকে কোন-কোন এনএইচএস পরিষেবাগুলোর জন্য অর্থ পরিশোধ করতে হবে?

বেশিরভাগ লোক ডেন্টাল কেয়ার এবং চক্ষু পরিচর্যার জন্য অর্থ পরিশোধ করেন। এবং ইংল্যান্ডে, কিছু পরিস্থিতিতে আপনাকে হয়তো প্রেসক্রিপশনের জন্য অর্থ পরিশোধ করতে হতে পারে। আপনি যদি এর জন্য অর্থ পরিশোধ করতে সক্ষম না হন, তাহলে আপনি হয়তো স্বাস্থ্যসেবা খরচ মেটানোর জন্য সহায়তা পেতে পারেন।

### যুক্তরাজ্যে আসা দর্শনার্থীদের জন্য স্বাস্থ্যসেবার খরচ

যদি আপনি সাধারণত যুক্তরাজ্যে বসবাসরত নন কিংবা বিদেশ থেকে ভ্রমণ করতে এসেছেন, তাহলে আপনাকে হয়তো যুক্তরাজ্যে স্বাস্থ্যসেবার জন্য অর্থ পরিশোধ করতে হতে পারে। আপনি একজন সাধারণ বাসিন্দার মতন একইভাবে এনএইচএস স্বাস্থ্যসেবা পেতে পারেন যদি:

- আপনি একজন শরণার্থী হন, আশ্রয়প্রার্থী কিংবা আধুনিক দাসত্ব কিংবা মানব পাচারের শিকার হন
- আপনি অভিবাসন স্বাস্থ্য সারচার্জ পরিশোধ করেছেন।

জরুরি পরিস্থিতি না হলে, অন্যান্য দর্শনার্থীদের এনএইচএস স্বাস্থ্যসেবার জন্য অর্থ পরিশোধ করতে হতে পারে।

শরণার্থীদের এবং আশ্রয়প্রার্থীদের জন্য স্বাস্থ্যসেবার বিষয়ে আরো তথ্য জানার জন্য **macmillan.org.uk/translations**-এ 'শরণার্থী এবং আশ্রয়প্রার্থীদের জন্য স্বাস্থ্যসেবা' নামক ফ্যাক্ট শিট দেখুন।

### আমি জিপি অ্যাপয়েন্টমেন্ট কীভাবে পেতে পারি?

জিপি অ্যাপয়েন্টমেন্ট পাওয়ার জন্য, আপনাকে একটি জিপি প্র্যাকটিসে রেজিস্টার করতে হবে। আপনি জিপি প্র্যাকটিস নির্বাচন করবেন এবং এটা করার জন্য তাদের সাথে যোগাযোগ করবেন।

জিপি প্র্যাকটিসের সাথে রেজিস্টার করা গুরুত্বপূর্ণ। এটা হচ্ছে স্বাস্থ্যসেবা পরিষেবাগুলোর জন্য আপনার প্রধান যোগাযোগের বিন্দু। প্র্যাকটিস জানে যে আপনার অঞ্চলে কোন-কোন পরিষেবাসমূহ লভ্য রয়েছে এবং এইগুলো কীভাবে কাজ করে। যদি আপনার পরীক্ষাসমূহ বা বিশেষজ্ঞ পরিষেবাসমূহের প্রয়োজন হয়, তাহলে প্র্যাকটিস এই অ্যাপয়েন্টমেন্টগুলোর ব্যবস্থা করতে পারে।

## যদি আপনি অন্য ভাষা ব্যবহার করেন

এনএইচএস-কে নিম্নবর্ণিত প্রদান করতে হবে:

- **আপনার নির্বাচিত ভাষায় একজন পেশাদার দোভাষী** - আপনার ডাক্তার আপনাকে যে সমস্ত কথা বলে, এবং আপনি তাদেরকে যা বলতে চান সেই সমস্ত কথাগুলোকে দোভাষীরা অনুবাদ করেন। আপনি যদি একজন দোভাষী চান, তাহলে যত দ্রুত সম্ভব আপনার জিপি প্র্যাকটিস কিংবা হাসপাতালকে অবহিত করুন। আপনার পরিবার বা বন্ধুদের বদলে, এনএইচএস-এর সর্বদা পেশাদার দোভাষী ব্যবহার করা উচিত। এর মানে হল যে আপনার পরিবার আপনাকে সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করার উপর তাদের সম্পূর্ণ মনোযোগ দিতে পারেন। এতে কোনো গুরুত্বপূর্ণ তথ্য ভুল বুঝতে পারারও ঝুঁকি কম থাকে।
- **অনুবাদিত স্বাস্থ্যগত তথ্য -** আপনর স্বাস্থ্যসেবা দলের স্বাস্থ্য ও পরিচর্যা পরিষেবা সম্পর্কিত লিখিত তথ্যকে আপনার বোঝার যোগ্য ভাষা ও ফর্ম্যাটে সরবরাহ করা উচিত।

এনএইচএস কর্তৃক এই পরিষেবাগুলি বিনামূল্যে সরবরাহ করা হয়।

# যুক্তরাজ্যে ক্যানসারের পরিচর্যা

যুক্তরাজ্যে, ক্যানসারের পরিচর্যাকে স্বাস্থ্যসেবা পেশাদারদের বিশেষজ্ঞ দল দ্বারা পরিচালনা করা হয়। যদি আপনি ক্যানসারের চিকিৎসা গ্রহণ করছেন, তাহলে আপনার পক্ষে দলের সকলের পরিচিত হওয়ার সম্ভাবনা কম। কিন্তু আপনার প্রয়োজনীয় পরিচর্যার পরিকল্পনায় সাহায্য করার জন্য বিভিন্ন স্বাস্থ্যসেবা পেশাদাররা উপস্থিত থাকেন।

আপনার স্বাস্থ্যসেবা দলে একজন মুখ্য যোগাযোগের ব্যক্তি থাকতে হবে। তাদেরকে আপনার কী ওয়ার্কার বলা যেতে পারে এবং তারা সাধারণত একজন বিশেষজ্ঞ নার্স। আপনাকে তাদের নাম আর যোগাযোগের বিবরণ দেওয়া হবে। যদি আপনার প্রশ্ন থাকে বা পরামর্শের প্রয়োজন হয়, তারা সাহায্য করতে পারেন।

দলটি হাসপাতাল ভিত্তিক। তারা হাসপাতালে ভর্তি লোকেদেরকে এবং আউটপেশেন্ট ক্লিনিকগুলোতে পরিচর্যা প্রদান করেন।

সাধারণত দলের 1 কিংবা 2 জন লোকের সাথে আপনার নিয়মিতভাবে অ্যাপয়েন্টমেন্ট হবে, যারা আপনার পরিচর্যার জন্য দায়িত্বপ্রাপ্ত। আপনার কোন ধরনের চিকিৎসা দরকার, তার উপর নির্ভর করবে যে আপনি কার সাথে সাক্ষাৎ করবেন।
উদাহরণস্বরূপ, আপনি হয়তো নিম্নবর্ণিত লোকেদের সাথে দেখা করতে পারেন:

- **সার্জন**– একজন ডাক্তার যিনি অপারেশন (শল্য চিকিৎসা) করেন।
- **অনকোলজিস্ট** – একজন ডাক্তার যিনি ক্যানসারের চিকিৎসা করেন।
- **হেমাটোলজিস্ট** - একজন ডাক্তার যিনি রক্তের ব্যাধি ও ক্যানসার রোগ নির্ণয় এবং চিকিৎসা করেন।
- **রেডিওগ্রাফার** - একজন যিনি রেডিওথেরাপির পরিকল্পনা ও পরিচালনা করেন, এবং রেডিওথেরাপি চিকিৎসা গ্রহণের সময়কালে লোকেদের সহায়তা করেন।
- **ক্লিনিকাল নার্স স্পেশালিষ্ট (সিএনএস**) -একজন নার্স যিনি ক্যানসার সংক্রান্ত তথ্য জানান এবং চিকিৎসার সময় সহায়তা দেন।

প্রায়শই আপনি অন্যান্য পরিষেবাসমূহ থেকেও সহায়তা গ্রহণ করবেন। আলাদা-আলাদা

সময়ে আপনার কোন সহায়তা দরকার, তার ওপর এটা নির্ভর করতে পারে। উদাহরণস্বরূপ, যদি ক্যানসারের কারণে আপনার হাঁটতে (গতিশীলতা) সমস্যা হয়, তাহলে আপনার জিপি, ক্যানসারের ডাক্তার কিংবা বিশেষজ্ঞ নার্স হয়তো আপনাকে কোনো ফিজিওথেরাপিস্টের কাছে রেফার করতে পারেন। একজন ব্যক্তি, যিনি ব্যায়াম এবং গতিশীলতা সম্পর্কে পরামর্শ দেন। কিংবা, আপনার যদি এমন ধরনের ক্যানসার থাকে যার চিকিৎসা করা যেতে পারে কিন্তু নিরাময় সম্ভব নয়, তাহলে তারা হয়তো আরো সহায়তার জন্য আপনাকে প্যালিয়েটিভ কেয়ার দলের কাছে রেফার করতে পারেন। প্যালিয়েটিভ কেয়ার দলেরা উপসর্গগুলির নিয়ন্ত্রণে এবং জীবনের শেষ পর্যায়ে দেখাশোনায় সাহায্য করেন।

'যদি আপনার ক্যানসার রোগনির্ণীত হয়' নামক আমাদের একটি ফ্যাক্ট শিটে, আপনার ভাষায় ক্যানসারের পরিচর্যা সম্পর্কে আরো তথ্য আছে। **macmillan.org.uk/translations**-এ যান।

# যুক্তরাজ্যে একজন এনএইচএস রোগী হিসেবে আপনার অধিকারসমূহ

ক্যানসারের চিকিৎসা গ্রহণ করা বিহ্বল এবং বিভ্রান্তিকর হতে পারে। আপনি ক্যানসার পরিচর্যা এবং এনএইচএস কর্মীবৃন্দ থেকে কী প্রত্যাশা করতে পারেন, তা বুঝে রাখাটা সুবিধাজনক হতে পারে।

এনএইচএস-কে সকলের জন্য ন্যায্য ও সমানভাবে লভ্য থাকতে হবে। আপনার প্রয়োজনীয় চিকিৎসা যদি যুক্তরাজ্যে আপনার অঞ্চলে লভ্য না থাকে, তাহলে এনএইচএস হয়তো আপনার জন্য অন্য কোথাও সেটা গ্রহণ করার ব্যবস্থা করতে পারে। নিম্নবর্ণিতের কারণে আপনার সাথে বৈষম্যমূলক কিংবা কম ভালোভাবে ব্যবহার করা উচিত নয়:

- বয়স
- অক্ষমতা
- লিঙ্গ
- যৌন প্রবণতা
- লিঙ্গ পরিবর্তন
- বিবাহ কিংবা সিভিল পার্টনারশিপ
- গর্ভাবস্থা
- জাতি
- ধর্ম কিংবা আস্থা।

**এনএইচএস পরিচর্যা প্রত্যেকটি ব্যক্তির জন্য সঠিক হওয়া উচিত**
আপনার এনএইচএস স্বাস্থ্যসেবা দলের উচিত আপনাকে সেই পরিচর্যা, সহায়তা এবং তথ্য প্রদান করা, যেটা আপনার চাহিদা পূরণ করে। আপনার জন্য কী গুরুত্বপূর্ণ সেটা দলের উচিত বিবেচনা করা উচিত, উদাহরণস্বরূপ আপনার:

- পছন্দ-অপছন্দ
- সংস্কৃতি
- আস্থাসমূহ
- মূল্যবোধ।

স্বাস্থ্যসেবা পেশাদারদের উচিত আপনার সাথে মানুষের মতো আচরণ করা এবং আপনার

গোপনীয়তা ও মান-সম্মানের কদর করা। এটা বেশ সহজ হতে পারে, যেমন আপনাকে জিজ্ঞাসা করা যে কোন নামে ডাকলে আপনি পছন্দ করবেন। এতে শারীরিক পরীক্ষার সময় আপনাকে গোপনীয়তা প্রদানও অন্তর্ভুক্ত রয়েছে। যদি আপনার কোনো পরিস্থিতি বিব্রতকর কিংবা কষ্টকর মনে হয়, তাহলে ডাক্তার বা নার্সকে সেই কথা জানান, যাতে তারা আপনার জন্য জিনিসগুলোকে আরো স্বচ্ছন্দ করতে পারেন।

আপনার দলের উচিত স্বাস্থ্যসেবা সম্পর্কিত পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে আপনাকেও জড়িত করা। এটা করার জন্য তাদেরকে আপনাকে প্রয়োজনীয় তথ্য ও সহায়তা প্রদান করতে হবে। আপনার কাছে প্রস্তাবিত চিকিৎসাকে গ্রহণ কিংবা মানা করার অধিকার আছে।

আপনার দলের উচিত আপনার সাথে এমন ভাবে যোগাযোগ করা যেটা আপনার জন্য উপযুক্ত। আপনি অ্যাক্সেস করতে ও বুঝতে পারবেন, এমন ভাষা এবং ফর্ম্যাটে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা উচিত। উদাহরণস্বরূপ:

- **আপনি বোঝেন এমন ভাষায় তথ্য দেওয়া**
- **আপনার প্রয়োজনীয় ফর্ম্যাটে তথ্য প্রদান**- এর মানে সেটা অডিও, ব্রেল, সহজে পঠনীয়, বড় মুদ্রণ, ইমেল কিংবা টেক্সট হতে পারে
- **আপনার ও আপনার দলের মধ্যে যোগাযোগ স্থাপনের জন্য সহায়তা** - এটা ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ (বিএসএল) কিংবা অন্য কোনো ভাষার দোভাষীর ব্যবস্থা করা হতে পারে, কিংবা আপনার অতিরিক্ত চাহিদা থাকলে আপনার কাছে জিনিসগুলোকে সহজ করার মতো বিষয়ও হতে পারে। এতে হয়তো অন্তর্ভুক্ত থাকতে পারে লিপ রিডিং, একটি হিয়ারিং এইড ব্যবহার করা কিংবা, একটি কম উদ্দীপনাযুক্ত পরিবেশের চাহিদা।

## এনএইচএস পরিচর্যা যতটা সম্ভব নিরাপদ এবং কার্যকর হওয়া উচিত

আপনার এনএইচএস স্বাস্থ্যসেবা দল আপনার চিকিৎসাকে যত্নসহকারে পরিকল্পিত করে। আপনাকে চিকিৎসা প্রদান করছেন এমন সব ব্যক্তিদের সঠিক দক্ষতা এবং প্রশিক্ষণ থাকা প্রয়োজনীয়। আপনাকে একটি নিরাপদ এবং উপযুক্ত স্থানে পরিচর্যা প্রদান করা দরকার।

## এনএইচএস পরিচর্যাকে সঠিক সময়ে দেওয়া উচিত

এনএইচএস-এর লক্ষ্য হচ্ছে নির্দিষ্ট সময়কালের মধ্যে চিকিৎসা দেওয়া। তাদের লক্ষ্য হচ্ছে ক্যানসার কিংবা সম্ভাব্য ক্যানসারে আক্রান্ত লোকেদেরকে যত দ্রুত সম্ভব মূল্যায়ন, রোগনির্ণয় এবং চিকিৎসা করা।

## এনএইচএস-কে আপনার বিষয়ে তথ্যকে নিরাপদ রাখতে হবে

আপনার মেডিকেল কিংবা হেলথ রেকর্ডে এনএইচএস আপনার বিষয়ে তথ্য সংগ্রহ এবং সংরক্ষণ করে। তারা এই তথ্য ব্যবহার করে আপনাকে নিরাপদ এবং কার্যকর পরিচর্যা প্রদান করে।

আপনার তথ্য যেন নিরাপদ, সুরক্ষিত ও গোপনীয় থাকে তা সুনিশ্চিত করার জন্য এনএইচএস-এর কঠোর নিয়ম আছে। এনএইচএস-এর কাছে আপনার বিষয়ে থাকা যেকোনো তথ্য আপনি চাইতে পারেন।

## আপনার দলকে আপনার সংস্কৃতি বা ব্যাকগ্রাউন্ড বুঝতে সাহায্য করা

আপনাকে সেরা পরিচর্যা এবং চিকিৎসা দেওয়ার জন্য, আপনার স্বাস্থ্যসেবা দলের নিম্নবর্ণিত করা উচিত:

- এমন কোনো জিনিসকে বোঝার চেষ্টা করা, যা হয়তো আপনার চিকিৎসা এবং পরিচর্যা সম্পর্কে আপনার সিদ্ধান্তগুলোকে প্রভাবিত করতে পারে
- আপনি যেন সুবিধাবঞ্চিত না হন, তা আপনার জাতি বা সংস্কৃতি নির্বিশেষে সুনিশ্চিত করা
- সুনিশ্চিত করা যে আপনার সংস্কৃতি কিংবা ভাষা যেন আপনার ও আপনার ক্যানসার দলের মধ্যে ভালো যোগাযোগ ও বোঝাপড়াকে প্রতিরোধ না করে।

আপনার সংস্কৃতি কিংবা পটভূমি সম্পর্কিত হয়তো কিছু জিনিস থাকতে পারে, যা চিকিৎসার কিংবা পরিচর্যার প্রতি আপনার মনোভাবকে প্রভাবিত করতে পারে।

আমরা অন্যান্য লোকেদের বিষয়ে যা জানি বলে মনে করি, সেই মতামতের ভিত্তিতে কখনও কখনও হয়তো আমরা তাদের বিষয়ে ধারণা করে ফেলি। এই চিন্তাধারা কিংবা পক্ষপাতের কারণে আমরা হয়তো অপর দিকের ব্যক্তি আসলে কী ভাবে কিংবা কী চায়, তার মতামত শুনতে পাই না। উদাহরণস্বরূপ, একজন স্বাস্থ্যসেবার পেশাদার হয়তো অনুমান করতে পারেন যে তাদের মতে আপনার ধর্ম কী, তার ভিত্তিতেই হয়তো আপনি এক নির্দিষ্ট ধরনেরআচরণ প্রত্যাশা করেন।
এই চিন্তাধারা কিংবা পক্ষপাতগুলো হয়তো তাদেরকে বুঝতে দেয় না যে, আপনি আসলে কী ভাবেন বা চান।

যদি আপনার স্বাস্থ্যসেবা দল আপনার চাহিদাগুলি নিয়ে বিবেচনা না করে, তাহলে আপনি নিম্নবর্ণিত করতে পারেন:

- আপনার দল থেকে কারো সাথে কথা বলুন, যদি সেটা করা আপনার নিরাপদ এবং সহজ মনে হয়। হয়তো কখনও কখনও তারা বুঝতেই পারেন না যে, কোনো সমস্যা রয়েছে। এটা হয়তো আপনার দলকে কিছু জিনিস ঠিক করতে সাহায্য করতে পারে।
- আপনার বিশ্বস্ত কোনো ব্যক্তিকে বোঝান যে কী হচ্ছে। আপনি হয়তো আপনার কাছের কোনো মানুষ কিংবা আপনি যার সাথে ভালোভাবে পরিচিত এমন একজন স্বাস্থ্যসেবার পেশাদারের থেকে সহায়তা পেতে পারেন। কিংবা আপনি হয়তো একটি ক্যানসার সাপোর্ট গ্রুপে কিংবা আমাদের অনলাইন কমিউনিটিতে লোকেদের সাথে কথা বলতে চাইতে পারেন। কখনও কখনও আপনার কথা বুঝতে পারবেন কিংবা একই পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছেন, এমন লোকেদের সাথে কথা বলা সহায়ক হতে পারে।
- ফিডব্যাক দিন কিংবা অভিযোগ দায়ের করুন। আপনি যদি বেনামী থাকতে চান, তাহলে আপনি আপনার নাম ছাড়াও ফিডব্যাক দিতে পারেন ও অভিযোগ দায়ের করতে পারেন।

# ক্যানসার চিকিৎসা সম্পর্কে প্রশ্নসমূহ

**আমি কোথায় ক্যানসার চিকিৎসা গ্রহণ করব তা কি আমি নির্বাচন করতে পারি?**
এনএইচএস ও প্রাইভেট স্বাস্থ্যসেবা গ্রহণের জন্য আপনি কোথায় যাবেন এবং আপনি কোন-কোন পরিষেবাসমূহ ব্যবহার করবেন বা কার কাছে আপনাকে রেফার করা হবে, তা আপনি নির্বাচন করতে পারেন। কিন্তু ক্যানসার চিকিৎসা হয়তো কিছু নির্দিষ্ট হাসপাতালেই লভ্য থাকতে পারে।

আপনার নির্বাচনের বিকল্পগুলো হয়তো যুক্তরাজ্যের প্রত্যেকটি অঞ্চলে ভিন্ন হতে পারে। সেই অঞ্চলে এনএইচএস তহবিল কীভাবে কাজ করে তার উপরেও এটা নির্ভর করতে পারে। আপনার জিপি, ক্যানসার ডাক্তার বা নার্স আপনাকে এই বিষয়ে আরো তথ্য দিতে পারেন।

আপনি যদি একটি নির্দিষ্ট হাসপাতাল বা ক্যানসার বিশেষজ্ঞের কাছে রেফার করার অনুরোধ করেন, তাহলে এটা হয়তো অ্যাপয়েন্টমেন্টের জন্য আপনার অপেক্ষার সময়কে প্রভাবিত করতে পারে। আপনাকে হয়তো একজন বিশেষজ্ঞের সাথে অ্যাপয়েন্টমেন্ট বা ক্যানসার চিকিৎসা গ্রহণের জন্য কিছুটা দীর্ঘ সময় ধরে অপেক্ষা করতে হতে পারে।

**আমি কোন ক্যানসার চিকিৎসা গ্রহণ করব তা কি আমি নির্বাচন করতে পারি?**
আপনার ক্যানসার চিকিৎসা সম্পর্কে সিদ্ধান্তগুলো আপনি ও আপনার স্বাস্থ্যসেবা দল যৌথভাবে গ্রহণ করেন। আপনি এতে সম্মতি না দেওয়া পর্যন্ত তারা আপনাকে চিকিৎসা পরিষেবা দেবেন না। একে বলা হয় সম্মতি দেওয়া।

আপনার দল আপনাকে সেই সব চিকিৎসা প্রস্তাব দেবে যেগুলো তাদের মতে আপনার পরিস্থিতির জন্য সবচেয়ে সেরা। এর মানে হল উপলভ্য সবচেয়ে কার্যকর এবং সবচেয়ে কম ক্ষতিকর চিকিৎসাসমূহ।

আপনাকে দেওয়া চিকিৎসা পরিকল্পনার সাথে যদি আপনি ভিন্নমত হন, তাহলে আপনার স্বাস্থ্যসেবা দলকে তার কারণ জানান। আপনার স্বাস্থ্যসেবা দলকে আবার বোঝাতে বলুন যে আপনাকে এই চিকিৎসাগুলোর প্রস্তাব কেন দেওয়া হয়েছে।

চিকিৎসার সিদ্ধান্তগুলো প্রায়শই জটিল হয় এবং বিভিন্ন কারণের উপর ভিত্তি করা হয়, যার মধ্যে আপনার অন্যান্য মেডিকেল সমস্যাগুলো অন্তর্ভুক্ত রয়েছে। আপনার ও আপনার স্বাস্থ্যসেবা দলের জন্য এই সবকটা কারণ বোঝা গুরুত্বপূর্ণ। এই বিষয়ে বিস্তারিত এবং স্পষ্টভাবে আলোচনা করার মাধ্যমে, আপনি ও আপনার স্বাস্থ্যসেবা দল হয়তো আপনার জন্য একটি গ্রহণযোগ্য চিকিৎসার পরিকল্পনা খুঁজে নিতে পারবেন।

আপনি যদি আপনার চিকিৎসার বিষয়ে সিদ্ধান্ত না নিতে পারেন কিংবা নিতে না চান, তাহলে দলকে এই কাজে আপনার কোনো কাছের মানুষকে জড়িত করতে হবে। তিনি আপনার পরিবারের কোনো সদস্য কিংবা বন্ধু হতে পারেন।

**আমি কি দ্বিতীয় মতামত নিতে পারি?**
দ্বিতীয় মতামতের মানে হচ্ছে ভিন্ন কোনও জিপি বা ক্যানসার ডাক্তারকে জিজ্ঞাসা করা যে, তিনি আপনার রোগনির্ণয় বা চিকিৎসার সাথে সম্মত কি না। রোগনির্ণয়ের মানে হচ্ছে, আপনার রোগ আছে কি না সেটা জানা। দ্বিতীয় মতামতে সাধারণত অন্তর্ভুক্ত থাকে একটি ভিন্ন হাসপাতাল কিংবা জিপি সার্জারিতে যাওয়া। দ্বিতীয় মতামত নেওয়ার সম্ভাব্য লাভ ও লোকসানগুলো বিবেচনা করা গুরুত্বপূর্ণ। আপনার দলের সাথে কথা বলে জানুন যে, এটা আপনার সুস্থতাকে কীভাবে প্রভাবিত করতে পারে।

আপনি আপনার ক্যানসার ডাক্তারকে আপনাকে দ্বিতীয় মতামতের জন্য রেফার করতে বলতে পারেন। এনএইচএস কিন্তু দ্বিতীয় মতামত প্রদান করার জন্য দায়বদ্ধ নয়। তবে আপনার কাছে একটি চাওয়ার অধিকার আছে এবং বেশিরভাগ ডাক্তারদের আপনাকে রেফার করতে কোনো অসুবিধা হবে না।

**আমি কি আমার স্বাস্থ্যসেবা সম্পর্কে অভিযোগ দায়ের করতে পারি?**
বেশিরভাগ লোক তাদের দ্বারা স্বাস্থ্যসেবার পেশাদারদের থেকে গ্রহণ করা চিকিৎসা এবং পরিচর্যা নিয়ে সন্তুষ্ট হন। কিন্তু কখনও কখনও ভুল হতে পারে, কিংবা কিছু জিনিস ভুল হয়ে যেতে পারে। যদি আপনি গ্রহণ করা চিকিৎসা নিয়ে অসন্তুষ্ট হন, তাহলে আপনার কাছে অভিযোগ দায়ের করার অধিকার আছে।

সাধারণত জড়িত স্বাস্থ্যসেবার পেশাদারদের সাথে কথা বলাটাই সবচেয়ে ভালো। কিন্তু আপনি স্বাস্থ্যসেবা দলে অন্য কারো সাথেও কথা বলতে চাইতে পারেন।

আপনি যদি আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করার সিদ্ধান্ত নেন, তাহলে অভিযোগ দায়ের করার পদ্ধতি সম্পর্কে জেনে নিন। যুক্তরাজ্যের আলাদা-আলাদা অঞ্চলে এই পদ্ধতি ভিন্ন হবে। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে এই প্রক্রিয়ার একটি অনুলিপি প্রদান করতে বলুন। কিংবা আপনি অনলাইনেও তথ্য সন্ধান করতে পারেন।

## আপনার জন্য সঠিক পরিচর্যা আর সহায়তা পাওয়া

আপনার যদি ক্যান্সার হয় এবং আপনি ইংরেজিতে কথা না বলেন, তাহলে আপনি চিন্তিত হতে পারেন যে এটি আপনার ক্যান্সারের চিকিৎসা এবং যত্নকে প্রভাবিত করবে। কিন্তু আপনার স্বাস্থ্যসেবা দল আপনাকে যত্ন, সহায়তা এবং তথ্য প্রদান করবে যা আপনার চাহিদা পূরণ করে।

আমরা জানি যে কখনও কখনও লোকেরা সঠিক সমর্থন পাওয়ার ক্ষেত্রে অতিরিক্ত সমস্যার মুখোমুখি হতে পারে। উদাহরণস্বরূপ, আপনি যদি কাজ করেন বা আপনার পরিবার থাকে তবে হাসপাতালে অ্যাপয়েন্টমেন্টে যাওয়ার জন্য সময় বের করা কঠিন হতে পারে। অর্থ আর যাতায়াতের খরচের বিষয়েও আপনার চিন্তা থাকতে পারে। এই সমস্ত কিছু চাপ সৃষ্টি করতে পারে এবং এগুলির সাথে মানিয়ে নেওয়া কঠিন হতে পারে।

আমরা ক্যান্সারে আক্রান্ত ব্যক্তিদের ম্যাকমিলান অনুদানও (Macmillan Grants) অফার করি। এইগুলি হল এককালীন অর্থপ্রদান যা হাসপাতালের পার্কিং, ভ্রমণের খরচ, শিশুর যত্ন বা হিটিংয়ের বিলের মতো জিনিসগুলির জন্য ব্যবহার করা যেতে পারে৷

আমাদের বিনামূল্যের সহায়তার লাইন **0808 808 00 00** থেকে আপনি নিজের ভাষায় আপনার পরিস্থিতি সম্বন্ধে পরামর্শ পেতে পারেন। আপনি নার্স, আর্থিক নির্দেশনা প্রদানকারী, কল্যাণের অধিকারের পরামর্শদাতা আর কাজের সহায়তার পরামর্শদাতাদের সাথে কথা বলতে পারেন।

## ম্যাকমিলান (Macmillan) কীভাবে আপনাকে সাহায্য করতে পারে

ম্যাকমিলান(Macmillan)-এ আমরা জানি ক্যানসার নির্ণয় হলে কীভাবে সব কিছু প্রভাবিত হতে পারে, এবং আমরা আপনাকে সহায়তা করার জন্য এখানে আছি।

**ম্যাকমিলান সাপোর্ট লাইন (Macmillan Support Line)**
আমাদের দোভাষী আছে, তাই আপনি আমাদের সাথে আপনার ভাষায় কথা বলতে পারেন। আপনি যে ভাষাটি ব্যবহার করতে চান, শুধু তার নাম ইংরেজিতে আমাদেরকে বলুন। আমরা চিকিৎসার বিষয়ের প্রশ্নগুলিতে সাহায্য করতে পারি, আর্থিক সহায়তা সম্বন্ধে আপনাকে তথ্য দিতে পারি, বা আপনার যদি কারোর সাথে কথা বলার প্রয়োজন হয় তখন শোনার জন্য সেখানে থাকতে পারি। আমাদের বিনামূল্যের, গোপনীয় ফোন লাইন সপ্তাহে 7 দিন, সকাল ৪ টা থেকে রাত ৪ টা পর্যন্ত খোলা থাকে। আমাদের **0808 808 00 00 নম্বরে কল করুন**।

**ম্যাকমিলান (Macmillan) ওয়েবসাইট**
আমাদের ওয়েবসাইটে ইংরেজিতে ক্যান্সার বিষয়ে অনেক তথ্য আছে। **macmillan.org.uk/translations -এ অন্যান্য ভাষাতেও আরো তথ্য আছে**

এছাড়াও আমরা শুধু আপনার জন্য অনুবাদের ব্যবস্থা করতে পারি। এখানে আমাদের ইমেইল করুন: **cancerinformationteam@macmillan.org.uk** আর আমাদের বলুন আপনার কোন তথ্য প্রয়োজন।

**তথ্য কেন্দ্র**
আমাদের তথ্য এবং সহায়তা কেন্দ্রগুলো হাসপাতাল, লাইব্রেরি এবং মোবাইল কেন্দ্র ভিত্তিক। আপনার প্রয়োজনীয় তথ্য পেতে আর কারোর সাথে সামনাসামনি কথা বলতে এর একটিতে যান। **macmillan.org.uk/informationcentres** ওয়েবসাইটে আপনার সবচেয়ে নিকটস্থ কেন্দ্র খুঁজে বের করুন বা আমাদেরকে **0808 808 00 00** নম্বরে কল করুন।

**লোকাল সাপোর্ট গ্রুপ**
সাপোর্ট গ্রুপে আপনি ক্যানসারে আক্রান্ত অন্যান্য লোকজনের সাথে কথা বলতে পারেন। **macmillan.org.uk/supportgroups-এ** আপনার এলাকার সাপোর্ট গ্রুপগুলির বিষয়ে জেনে নিন বা **0808 808 00 00** নম্বরে আমাদের কল করুন।

**ম্যাকমিলান (Macmillan) অনলাইন কমিউনিটি**
আপনি একই ধরনের পরিস্থিতিতে থাকা ব্যক্তিদের সাথে **macmillan.org.uk/community**-এ কথা বলতে পারেন। আপনি দিনে বা রাতে যেকোনো সময়ে এতে যোগাযোগ করতে পারেন। আপনি এখানে নিজের অভিজ্ঞতাগুলো শেয়ার করতে পারেন, প্রশ্ন করতে পারেন, বা কেবল লোকজনের পোস্ট পড়তে পারেন।

## আপনার ভাষায় আরো তথ্য

এই বিষয়গুলো সম্বন্ধে আমাদের কাছে আপনার ভাষায় তথ্য আছে:

**ক্যানসারের মোকাবিলা করা**

- ক্যান্সার এবং করোনাভাইরাস
- যুক্তরাজ্যে ক্যানসারের পরিচর্যা
- আপনার ক্যানসার হলে বেনেফিটগুলি দাবি করা
- খাবার খাওয়ার সমস্যা এবং ক্যানসার
- জীবনের অবসান
- শরণার্থী এবং আশ্রয়প্রার্থী মানুষদের জন্য স্বাস্থ্যসেবা
- স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস
- আপনার ক্যানসার হলে খরচে সাহায্য
- যদি আপনার ক্যানসার রোগনির্ণয় হয়
- LGBTQ+ ব্যক্তি এবং ক্যানসার
- সেপসিস এবং ক্যানসার
- ক্যানসার চিকিৎসার পার্শ্বপ্রতিক্রিয়াগুলো
- ক্লান্তি (অবসন্নতা) এবং ক্যানসার

**ক্যানসারের ধরন**

- স্তন ক্যানসার
- সার্ভিকাল ক্যানসার
- বৃহদান্ত্রের ক্যানসার
- ফুসফুসের ক্যানসার
- প্রোস্টেট ক্যানসার

**চিকিৎসাসমূহ**

- কেমোথেরাপি
- রেডিওথেরাপি
- সার্জারি

এই তথ্য দেখতে, **macmillan.org.uk/translations**-এ যান

## সূত্র ও ধন্যবাদ জ্ঞাপন

এই সকল তথ্য রচনা ও সম্পাদনা করেছে ম্যাকমিলান (Macmillan) ক্যানসার সাপোর্ট -এর ক্যানসার তথ্য উন্নয়ন (Cancer Information Development) দল। একটি অনুবাদ কোম্পানি কর্তৃক এটাকে বাংলা ভাষায় অনুবাদ করা হয়েছে।

আমাদের ওয়েবসাইটে ইংরেজিতে লভ্য চিকিৎসার সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কিত বিষয়বস্তুর উপর ভিত্তি করে, এখানে দেওয়া তথ্যগুলি সরবরাহ করা হয়েছে।

প্রাসঙ্গিক বিশেষজ্ঞদের দ্বারা এই তথ্যের পর্যালোচনা করা হয়েছে এবং এটাকে ম্যাকমিলানের সেন্টার অব ক্লিনিকাল এক্সপার্টিজ-এর সদস্যদের দ্বারা অনুমোদন করা হয়েছে।

সেই সব ক্যান্সার আক্রান্ত ব্যক্তিদেরও ধন্যবাদ জানাচ্ছি যারা এই তথ্য পর্যালোচনা করেছেন।

আমাদের সকল তথ্য প্রাপ্ত সেরা প্রমাণের ভিত্তিতে নেওয়া হয়েছে। আমাদের ব্যবহার করা উৎসগুলোর বিষয়ে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে **cancerinformationteam@macmillan.org.uk**-এ আমাদের সাথে যোগাযোগ করুন

**বিষয়বস্তুর পর্যালোচনা: 2023 আগামী পরিকল্পিত পর্যালোচনা: 2026**

MAC19722_Bengali

সঠিক ও আপডেট করা তথ্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য আমরা সব রকমভাবে চেষ্টা করে থাকি কিন্তু আপনার পরিস্থিতির উপর ভিত্তি করে, বিশেষজ্ঞ পেশাজীবীর পরামর্শের বিকল্প হিসেবে এর উপর নির্ভর করা উচিত হবে না। আইনের অনুমোদিত পরিসরে, ম্যাকমিলান (Macmillan) এই প্রকাশনা বা তাতে অন্তর্ভুক্ত কিংবা উল্লিখিত কোনও তৃতীয় পক্ষের তথ্য বা ওয়েবসাইটের তথ্য ব্যবহারের সম্পর্কে কোনও দায়-দায়িত্ব গ্রহণ করে না।

আমরা আশা করি এই তথ্য আপনার পক্ষে সহায়ক। আপনার কোনো প্রশ্ন থাকলে, আমরা আপনার ভাষায় টেলিফোনের মাধ্যমে তথ্য ও সহায়তা দিতে পারি। আমরা বিনামূল্যে পরিষেবাগুলি দিয়ে থাকি। আমাদেরকে **0808 808 00 00** নম্বরে সোমবার-শুক্রবার, সকাল 9টা থেকে রাত 8টা পর্যন্ত) কল করুন এবং ইংরেজিতে আপনার পছন্দের ভাষার জন্য বলুন।

© ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট (Macmillan Cancer Support) 2023। ইংল্যান্ড ও ওয়েলস (261017), স্কটল্যান্ড (SC039907) এবং আইল অব ম্যান (604)-এ নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান। এছাড়া নর্দার্ন আয়ারল্যান্ডেও কাজ করে। রেজিস্টার্ড অফিস: 89 Albert Embankment, London SE1 7UQ

Trusted Information Creator

Patient Information Forum

Cancer care in the UK: Bengali

# Cancer care in the UK

This information is about cancer care and the UK healthcare system, and where to get help and support.

It can be difficult to know what to expect from the healthcare system in the UK. This page explains your rights and how to access healthcare for cancer and other conditions.

If you have any questions about this information, ask your doctor or nurse at the hospital where you are having treatment.

You can also call Macmillan Cancer Support on **0808 808 00 00**, 7 days a week, 8am to 8pm. We have interpreters, so you can speak to us in your own language. When you call us, please tell us in English which language you need.

There is more cancer information in other languages at **macmillan.org.uk/translations**

## This information is about:

- The UK healthcare system
- If you use another language
- Cancer care in the UK
- Your rights as an NHS patient in the UK
- Helping your team understand your culture or background
- Can I choose where I have cancer treatment?
- Can I choose what cancer treatment I have?
- Can I get a second opinion?
- Can I complain about my healthcare?
- How Macmillan can help you
- More information in your language
- References and thanks

## The UK healthcare system

Most healthcare in the UK is provided by the National Health Service (NHS). The NHS includes:

**GP and community-based care**
A GP (General Practitioner) is a doctor who treats general health conditions. GPs usually work in a local centre. In English, this type of centre can have different names. It may be called a [GP practice], [GP surgery] or [medical centre]. This centre is often your first and main point of contact for healthcare. They work closely with other community-based services such as district nurses and palliative care teams.

Your GP and other community-based services treat and manage many health problems. If you need more specialised treatment, they can arrange this for you. This is called making a referral.

**Urgent and emergency care**
This includes:

- emergency help for life-threatening conditions if you phone 999
- care at an accident and emergency (A&E) department, or other urgent care centre such as a walk-in centre or minor injuries unit
- advice about urgent health problems if you call 111 (in England, Scotland or Wales).

**Specialist care**
For some health conditions, you may need advice or treatment from a healthcare professional with specialist training. When you stay in hospital for specialist treatment, this is called inpatient care. When you have specialist treatment at a clinic, or at home, this is called outpatient care.

**Pharmacists**
Pharmacists give out medicines and give advice about taking medicines. They may also give some medical advice.

**Dental care**
Dentists help look after your teeth, gums and other parts of the mouth.

**Eye care**
Optometrists help test eyesight. They prescribe and fit glasses and contact lenses. They give treatment and advice for some eye health problems, such as eye infections.

Some healthcare in the UK is available privately. Private healthcare is provided by independent companies and is separate to the NHS. You may pay for it yourself, or using medical insurance.

Healthcare services in the UK can vary depending on where you live. This can be confusing. It can be difficult to know what is available in your area and what you should be offered.

If you have questions about your care or the services in your area, ask your GP, or someone else in your healthcare team to explain. Your healthcare team includes any doctors, nurses or other healthcare professionals that look after you. They are there to help you find the care and support you need.

**Is NHS healthcare free?**

Some NHS services are always free to everyone. You never pay for:

- Emergency help for life-threatening conditions if you phone 999.
- Advice about urgent health problems if you phone 111 (in England, Scotland or Wales).
- Care at an accident and emergency (A&E) department, walk-in centre, minor injuries unit or urgent care centre.
- Testing and treatment for some types of infections and sexually transmitted diseases.
- Contraception services.
- Treatment for conditions caused by torture, female genital mutilation, and domestic or sexual violence.
- Prescriptions, if you live in Scotland.

Most other NHS services are free of charge if you usually live in the UK and are legally allowed to live here. This is called being an ordinary resident. NHS healthcare is also free if you are a refugee or applying for asylum in the UK.

You may still pay for some NHS services, such as dental care and eye care. And in England, you may have to pay for prescriptions in some situations. If you cannot pay for these, you may be able to get help with healthcare costs.

**What NHS services do I need to pay for?**

Most people have to pay for dental care and eye care. And in England, you may have to pay for prescriptions in some situations. If you cannot pay for these, you may be able to get help with healthcare costs.

**Healthcare costs for visitors to the UK**

If you do not usually live in the UK or you are visiting from overseas, you may have to pay for NHS healthcare in the UK.

You can have free NHS healthcare in the same way as an ordinary resident if you:

- are a refugee, seeking asylum or a victim of modern slavery or human trafficking
- have paid the immigration health surcharge.

Other visitors may have to pay for NHS healthcare unless it is urgent.

For more information about healthcare for refugees and people seeking asylum see our ‘Healthcare for refugees and people seeking asylum’ fact sheet at **[macmillan.org.uk/translations](macmillan.org.uk/translations)**

**How do I get a GP appointment?**
To get a GP appointment, you need to register with a GP practice. You choose the GP practice and contact them to do this.

It is important to register with a GP practice. This is your main point of contact for healthcare services. The practice understands what services are available and how these work in your area. If you need tests or specialist services, the practice can arrange these appointments.

## If you use another language

The NHS should offer:

- **A professional interpreter in the language you choose -** Interpreters translate everything your doctor says to you, and everything you want to say back. If you would like an interpreter, tell your GP practice or hospital as soon as possible. The NHS should always use professional interpreters, rather than your family or friends. This means your family can focus on being there to support you to make a decision. It also means there is less risk of getting important information wrong.
- **Translated health information -** Your healthcare team should give you written information about health and care services in a language and format that you understand.

These services are free in the NHS.

## Cancer care in the UK

In the UK, cancer care is managed by specialist teams of healthcare professionals. If you are having cancer treatment, you are not likely to meet everyone in the team. But the different healthcare professionals are all there to help plan the care you need.

You should have a main contact person in your healthcare team. They may be called your key worker and they are usually a specialist nurse. You will be given their name and contact details. If you have questions or need advice, they can help.

The team is based at a hospital. They provide care for people in hospital and at outpatient clinics.

You usually have regular appointments with 1 or 2 people from the team who are responsible for your care. Who you meet may depend on the type of treatment you need.

For example, you may meet some of the following people:

- **Surgeon** – a doctor who does operations (surgery).
- **Oncologist** – a doctor who treats people who have cancer.
- **Haematologist** – a doctor who diagnoses and treats blood disorders and cancers.
- **Radiographer** – someone who plans and gives radiotherapy, and supports people during radiotherapy treatment.
- **Clinical nurse specialist (CNS**) – a nurse who gives information about cancer, and support during treatment.

You will often also have help from other services. This can depend on what support you need at different times. For example, if cancer causes walking (mobility) problems, your GP, cancer doctor or specialist nurse may refer you to a physiotherapist. This is someone who gives advice about exercise and mobility. Or, if you have cancer that can be treated but not cured, they may refer you to a palliative care team for more support. Palliative care teams help with symptom control and end-of-life care.

We have more information about cancer care in your language in our fact sheet 'If you are diagnosed with cancer'. Visit **macmillan.org.uk/translations**

## Your rights as an NHS patient in the UK

Being treated for cancer can be overwhelming and confusing. It can help to understand what you can expect from your cancer care and NHS staff.

The NHS should be available fairly and equally to everyone. If the treatment you need is not available in your area of the UK, the NHS may arrange for you to have it elsewhere. You should not be treated unfairly or less well because of your:

- age
- disability
- sex
- sexual orientation
- gender reassignment
- marriage or civil partnership
- pregnancy
- race
- religion or belief.

### NHS care should be right for each person

Your NHS healthcare team should offer you care, support and information that meets your needs. The team should consider what is important to you, for example your:

- preferences
- culture
- beliefs
- values.

Healthcare professionals should treat you as an individual and respect your privacy and dignity. This may be as simple as asking what name you want to be called. It also means giving you privacy during physical examinations. If you find a situation embarrassing or distressing, tell the doctor or nurse so they can help to make things more comfortable for you.

Your team should involve you in planning and making decisions about your healthcare. They should give you the information and support you need to do this. You have the right to accept or refuse treatment that is offered to you.

Your team should communicate with you in the way that is right for you. You should be given the information you need in a way that you can access and understand. For example:

- **information in a language you understand**
- **Information in a format that you need** - this might mean in audio, Braille, easy read, large print, email, or text
- **support to help you and your team communicate -** this could be an interpreter for British Sign Language (BSL) or another language, or making things easy if you have additional needs. This might include relying on lip reading, using a hearing aid, or needing a low stimulus environment.

**NHS care should be as safe and effective as possible**
Your NHS healthcare team plans your treatment carefully. The people who give you treatment should have the right skills and training. The place you are cared for should be safe and suitable.

**NHS care should be given at the right time**
The NHS aims to give treatment within certain timeframes. They aim to assess, diagnose and treat people with cancer or suspected cancer as quickly as possible.

**The NHS should keep information about you safe**
The NHS collects and saves information about you in your medical or health record. They use this information to give you safe and effective care.

The NHS has strict rules to ensure they keep your information safe, secure and confidential. You can ask for any information the NHS has about you.

## Helping your team understand your culture or background

To give you the best care and treatment, your healthcare team should:

- try to understand anything that might affect your decisions about your treatment and care
- make sure you are not disadvantaged, whatever your ethnicity or culture
- make sure that your culture or language do not prevent good communication and understanding between you and your cancer team.

There may be things to do with your culture or background that affect how you feel about your treatment or care.

Sometimes we make assumptions about other people based on what we think we know about them. These ideas or biases can stop us from hearing what the other person really thinks or wants. For example, a healthcare professional may assume you want to be treated in a certain way based on what they think your religion is. These ideas or biases can stop them from understanding what you really think or want.

If your healthcare team are not considering your needs, you can do the following:

- Talk to someone from your team, if it feels safe and comfortable to do so. Sometimes they may not realise that there is a problem. Giving feedback about this may help your team make things right.
- Explain what is happening to someone you trust. You may get support from someone close to you or a healthcare professional you know well. Or you may want to talk to people in a cancer support group or our Online Community. Sometimes it is helpful to talk to people who understand or are in a similar situation.
- Give feedback or make a complaint. If you do not want to be identified, you can give feedback and complaints without giving your name.

## Questions about cancer treatment

**Can I choose where I have cancer treatment?**
You can make choices about where you go for NHS and private healthcare, and which services you use or are referred to. But cancer treatments may only be available at certain hospitals.

The options you can choose from may be different in each area of the UK. They may also depend on how NHS funding works in that area. Your GP, cancer doctor or nurse can give you more information about this.

If you ask to be referred to a specific hospital or cancer specialist, this may affect how long you wait for an appointment. You may wait longer for an appointment with a specialist or to start cancer treatment.

**Can I choose what cancer treatment I have?**
Decisions about your cancer treatment are made together with your healthcare team. They will not give you a treatment unless you agree to it. This is called giving your consent.

Your team will offer the treatments it thinks are best in your situation. This means the most effective and least harmful treatments available.

If you disagree with the treatment plan you are offered, tell your healthcare team why this is. Ask your healthcare team to explain again why you have been offered these treatments.

Treatment decisions are often complex and based on several factors, including other medical conditions you may have. It is important for you and your healthcare team to understand all these factors. Talking this through carefully and clearly may help you and your healthcare team find a treatment plan that works for you.

If you are not able to make decisions about your treatment, or do not want to, the team should involve someone close to you. This might be members of your family or friends.

**Can I get a second opinion?**
A second opinion means asking a different GP or cancer doctor whether they agree with your diagnosis or treatment. A diagnosis means finding out if you have an illness or not. A second opinion usually involves going to a different hospital or GP surgery. It is important to think about the possible benefits and disadvantages of getting a second opinion. Talk to your team about how it might affect your wellbeing.

You can ask your cancer doctor to refer you for a second opinion. The NHS does not have to provide a second opinion. But you have the right to ask for one and most doctors will be happy to refer you.

**Can I complain about my healthcare?**
Many people are happy with the treatment and care they get from healthcare professionals. But sometimes mistakes happen, or things go wrong. If you are unhappy about the treatment you have received, you have the right to complain.

It is usually best to speak to the healthcare professional involved. But you can also speak to someone else in the healthcare team.

If you decide to make a formal complaint, find out about the complaints procedure. This is different in different areas of the UK. Ask your healthcare provider for a copy of the process. Or you can usually find information online.

## Getting the right care and support for you

If you have cancer and do not speak English, you may be worried that this will affect your cancer treatment and care. But your healthcare team should offer you care, support and information that meets your needs.

We know that sometimes people may face extra challenges in getting the right support. For example, if you work or have a family it can be hard to find time to go to hospital appointments. You might also have worries about money and transport costs. All of this can be stressful and hard to cope with.

We also offer Macmillan Grants to people with cancer. These are one-off payments that can be used for things like hospital parking, travel costs, childcare or heating bills.

Our free support line **0808 808 00 00** can offer advice, in your language, about your situation. You can speak to nurses, financial guides, welfare rights advisers and work support advisers.

## How Macmillan can help you

At Macmillan, we know how a cancer diagnosis can affect everything, and we are here to support you.

**Macmillan Support Line**
We have interpreters, so you can speak to us in your language. Just tell us, in English, the language you want to use. We can help with medical questions, give you information about financial support, or be there to listen if you need someone to talk to. The free, confidential phone line is open 7 days a week, 8am to 8pm. Call us on **0808 808 00 00**.

**Macmillan website**
Our website has lots of information in English about cancer. There is also more information in other languages at **macmillan.org.uk/translations**

We can also arrange translations just for you. Email us at **cancerinformationteam@macmillan.org.uk** to tell us what you need.

**Information centres**
Our information and support centres are based in hospitals, libraries and mobile centres. Visit one to get the information you need and speak with someone face to face. Find your nearest centre at **macmillan.org.uk/informationcentres** or call us on **0808 808 00 00**.

**Local support groups**
At a support group, you can talk to other people affected by cancer. Find out about support groups in your area at **macmillan.org.uk/supportgroups** or call us on **0808 808 00 00**.

**Macmillan Online Community**
You can also talk to other people affected by cancer online at **macmillan.org.uk/community** You can access it at any time of day or night. You can share your experiences, ask questions, or just read through people's posts.

## More information in your language

We have information in your language about these topics:

**Coping with cancer**

- Cancer and coronavirus
- Cancer care in the UK
- Claiming benefits when you have cancer
- Eating problems and cancer
- End of life
- Healthcare for refugees and people seeking asylum
- Healthy eating
- Help with costs when you have cancer
- If you are diagnosed with cancer
- LGBTQ+ people and cancer
- Sepsis and cancer
- Side effects of cancer treatment
- Tiredness (fatigue) and cancer

**Types of cancer**

- Breast cancer
- Cervical cancer
- Large bowel cancer
- Lung cancer
- Prostate cancer

**Treatments**

- Chemotherapy
- Radiotherapy
- Surgery

To see this information, go to **macmillan.org.uk/translations**

## References and thanks

This information has been written and edited by Macmillan Cancer Support's Cancer Information Development team. It has been translated into this language by a translation company.

The information included is based on our treatment decisions content available in English on our website.

This information has been reviewed by relevant experts and approved by members of Macmillan's Centre of Clinical Expertise.

Thanks also to the people affected by cancer who reviewed this information.

All our information is based on the best evidence available. For more information about the sources we use, please contact us at **cancerinformationteam@macmillan.org.uk**

**Content reviewed: 2023 Next planned review: 2026**

MAC19722_Bengali

We make every effort to ensure that the information we provide is accurate and up to date but it should not be relied upon as a substitute for specialist professional advice tailored to your situation. So far as is permitted by law, Macmillan does not accept liability in relation to the use of any information contained in this publication or third-party information or websites included or referred to in it.

We hope you find this information helpful. If you have any questions, we can give you information and support by telephone in your language. Our services are free. Just call us on **0808 808 00 00** (Monday-Friday, 9am to 8pm) and ask in English for your preferred language.

© Macmillan Cancer Support 2023. Registered charity in England and Wales (261017),
Scotland (SC039907) and the Isle of Man (604). Also operating in Northern Ireland. Registered office 89 Albert Embankment, London SE1 7UQ.

Trusted Information Creator

*Patient Information Forum*